



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd



ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা, ২০২০

(২৯-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৫৯তম সভায় অনুমোদিত)

ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা (সংশোধিত ২০১৮) রাহিতক্রমে কতিপয় সংশোধনীসহ পুঁঁচপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত নীতিমালা

- ১। **সংক্ষিপ্ত শিরোনাম।**— এই নীতিমালা ‘ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা, ২০২০’ নামে অভিহিত হইবে।
- ২। **সংজ্ঞা।**— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-
 - (ক) ‘বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশন’ অর্থ The University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O. No. 10 of 1973) দ্বারা গঠিত University Grants Commission of Bangladesh;
 - (খ) ‘কমিশন’ অর্থ The University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O. No. 10 of 1973) এবং The University Grants Commission of Bangladesh (Amendment) Act, 1998 এর Article 4(1) অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খণ্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশন;
 - (গ) ‘চেয়ারম্যান’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশনের চেয়ারম্যান;
 - (ঘ) ‘সদস্য’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশনের পূর্ণকালীন সদস্য;
 - (ঙ) ‘সচিব’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশনের সচিব;
 - (চ) ‘উচ্চশিক্ষা স্তরের পুস্তক’ অর্থ বিশ্ববিদ্যালয় পর্যায়ের উপযোগী পাঠ্যপুস্তক ও রেফারেন্স বই;
 - (ছ) ‘অনুবাদ গ্রন্থ’ অর্থ এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরক্রমে রচিত গ্রন্থ;
 - (জ) ‘লেখক’ অর্থ এই নীতিমালার অনুচ্ছেদ ৩ এ বর্ণিত ব্যক্তি/ব্যক্তিবর্গ, যাহারা স্বেচ্ছায় স্বরচিত পাঞ্জলিপি জমা দিতে আগ্রহী;
 - (ঝ) ‘বিশেষজ্ঞ’ অর্থ জ্ঞানের স্ব স্ব শাখায় বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের প্রথিতযশা অধ্যাপক, অবসরপ্রাপ্ত অধ্যাপক, পদ্ধতি ও স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের গবেষক বা বিষয় বিশেষজ্ঞ;
 - (ঝঁ) ‘প্রকাশনা কমিটি’ অর্থ এই নীতিমালার অনুচ্ছেদ ৫ অনুযায়ী কমিশন কর্তৃক গঠিত পাঞ্জলিপি নির্বাচন, মূল্যায়ন, তহবিল ও প্রকাশনা সংক্রান্ত কার্যাদি পরিচালনা কমিটি;
 - (ট) ‘ইউজিসি পুস্তক প্রকাশনা তহবিল’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশন কর্তৃক সৃষ্টি তহবিল;
 - (ঠ) ‘টেক্সার কমিটি’ অর্থ পাবলিক প্রকিউরমেন্ট আইন ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুযায়ী কমিশন কর্তৃক গঠিত টেক্সার কমিটি; এবং
 - (ড) ‘নীতিমালা’ অর্থ ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা।

৩। **লেখকের যোগ্যতা।**— বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক ও অবসরপ্রাপ্ত শিক্ষকগণ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক/গবেষকগণ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশন কর্তৃপক্ষ ও কর্মকর্তাবৃন্দ পাঞ্জলিপি জমা দেওয়ার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

৪। **পরিধি।**— অনুচ্ছেদ ৩ এ বর্ণিত লেখক কর্তৃক প্রণীত জ্ঞানের সকল বিষয়ে উচ্চস্তরের পাঠ্যপুস্তক ও রেফারেন্স বই প্রকাশ, বিতরণ, বিপণন ও বিক্রয় এই নীতিমালার আওতাভুক্ত হইবে।

৫। ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি।— পাঞ্জলিপি নির্বাচন, মূল্যায়ন, তহবিল ও প্রকাশনা সংক্রান্ত কার্যাদি পরিচালনার জন্য

মূল্যপত্তাবে একটি কমিটি থাকিবে-

(ক) চেয়ারম্যান	-	সভাপতি
(খ) সদস্যবৃন্দ	-	সদস্য
(গ) সচিব	-	সদস্য
(ঘ) পরিচালক (অর্থ ও হিসাব)	-	সদস্য
(ঙ) পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন)	-	সদস্য
(চ) অতিরিক্ত পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন)	-	সদস্য
(ছ) উপ-পরিচালক (পাবলিকেশন)	-	সদস্য-সচিব

৬। ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটির কার্যপরিধি।—

- (ক) এই নীতিমালার অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (ট) এ বর্ণিত ইউজিসি পুস্তক প্রকাশনা তহবিল পরিচালনা করা;
- (খ) বিষয়-ভিত্তিক পুস্তক প্রকাশের কর্ম পরিকল্পনা গ্রহণ করা;
- (গ) অনুমোদিত বাজেটের ভিত্তিতে প্রকাশিতব্য বইয়ের মুদ্রণ ও প্রকাশনের ব্যবস্থা করা;
- (ঘ) লেখকের নিকট হইতে পাঞ্জলিপিসহ প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাপূর্বক পাঞ্জলিপি নির্বাচন করা;
- (ঙ) নির্বাচিত পাঞ্জলিপি মূল্যায়নের জন্য তিনজন বিষয় বিশেষজ্ঞ মনোনীত করা হইবে। প্রথমে দুইজন বিশেষজ্ঞের নিকট পাঞ্জলিপি প্রেরণ করা হইবে, দুইজন বিশেষজ্ঞের মধ্যে একজনের মতামত ইতিবাচক না হইলে, সেই ক্ষেত্রে তৃতীয় বিশেষজ্ঞের নিকট পাঞ্জলিপি প্রেরণ করা হইবে। দুইজন বিশেষজ্ঞের ইতিবাচক মতামত সাপেক্ষে পাঞ্জলিপি প্রকাশের জন্য গণ্য করা;
- (চ) বিশেষজ্ঞ মতামত সাপেক্ষে যদি পাঞ্জলিপি সংশোধন, সম্পাদন অথবা বিষয়গত ও ভাষাগত মান উন্নয়নের আবশ্যকতা দেখা দেয়, তাহা হইলে লেখককে দিয়া উহা করাইয়া নেওয়া অথবা পাঞ্জলিপি চূড়ান্তরণে গ্রহণ বা বর্জন করা; এবং
- (ছ) উচ্চশিক্ষা স্তরের পুস্তকাদি প্রকাশের জন্য প্রয়োজনে অন্যান্য আনুষঙ্গিক নীতি নির্ধারণ করা।

৭। ইউজিসি পুস্তক প্রকাশনা তহবিলের কার্যপরিধি।—

- (ক) কমিশনের ৯০তম সভায় অনুমোদিত বিশ্বব্যাংকের সাহায্যপূর্ণ বিএমইটি প্রকল্পের (BMET Project) উদ্ধৃত অর্থ ৬৬,৯৯,৯৯৬.০০ (ছেষটি লক্ষ নিরানবই হাজার নয়শত ছিয়ানবই) টাকায় ইউজিসি পুস্তক প্রকাশনার মূল তহবিল গঠন;
- (খ) উপ-অনুচ্ছেদ (ক) এ বর্ণিত মূলধন একটি স্বতন্ত্র ব্যাংক একাউন্টে সংরক্ষণ;
- (গ) মূলধন হইতে মুনাফা বাবদ প্রাপ্ত আয়ের ভিত্তিতে বাস্সরিক ব্যয় নির্ধারণ;
- (ঘ) প্রকাশিত বইয়ের বিক্রয়ের অর্থ কমিশনের পুস্তক প্রকাশনা তহবিলে জমাকরণ;
- (ঙ) সরকারের নিকট থেকে প্রাপ্ত অর্থ হইতে বইয়ের মুদ্রণ, প্রকাশন, লেখক ও বিশেষজ্ঞবৃন্দের সম্মানী/রয়্যালটি প্রদান এবং আনুষঙ্গিক কাজের ব্যয়সহ বিপণন ও বিক্রয়ের জন্য যাবতীয় ব্যয় নির্বাচন; এবং
- (চ) প্রতি অর্থ বৎসরে কমিশনের অর্থ ও হিসাব বিভাগের পরিচালক কর্তৃক সংরক্ষিত এতদ্সংক্রান্ত আয় ও ব্যয়ের হিসাব এবং কমিশনের অডিট শাখা কর্তৃক প্রণীত নিরীক্ষিত হিসাব কমিটির সভায় উপস্থাপন।

৮। পাঞ্জলিপি সংগ্রহের নিয়মাবলি।—

- (ক) প্রতি বৎসরের শুরুতে লেখকের নিকট হইতে নির্ধারিত সময়ের মধ্যে পাঞ্জলিপি আহবানের জন্য বহুল প্রচারিত কর্মপক্ষে ১ (এক)টি বাংলা ও ১ (এক)টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকাসহ ১ (এক)টি অনলাইনভিত্তিক বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে। একইসাথে পাঞ্জলিপি আহবানের বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য সকল বিশ্ববিদ্যালয়ে প্রেরণসহ ইউজিসি ওয়েবসাইটে আপলোড করা হইবে।

- (খ) বাংলায় সর্বোচ্চ ১২ পয়েন্ট ও ইংরেজিতে সর্বোচ্চ ১০ পয়েন্ট কম্পিউটার কম্পোজ করিয়া ০৩ (তিনি) কপি মূল পাঞ্জলিপি
 এ৪ (A4) সাইজের কাগজে স্পাইরেল অথবা খোলা বাঁধাইপূর্বক লেখক কর্তৃক কমিশনে দাখিল করিতে হইবে;
- (গ) লেখক কর্তৃক প্লেজিয়ারিজম (plagiarism) সফ্টওয়ারের রিপোর্টসহ পাঞ্জলিপিটির মৌলিকত্বের ঘোষণাপত্র আবেদনপত্রের
 সহিত জমা দিতে হইবে;
- (ঘ) কমিশন কর্তৃক চূড়ান্ত নির্বাচিত পাঞ্জলিপিটি লেখক কর্তৃক ১/১৬ ডবল ডিমাই বা ১/৮ ক্রাউন সাইজে সিঙ্গেল লাইন স্পেসে
 ফরমেটিং করিয়া ওয়ার্ড ফাইল ও পিডিএফ আকারে পেনড্রাইভ/সিডিতে কমিশনের প্রকাশনা শাখায় দাখিল করিতে হইবে;
- (ঙ) বাংলা ও ইংরেজি উভয় ভাষায় পাঞ্জলিপি প্রণয়ন করা যাইবে;
- (চ) নীতিমালার অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (ঘ) অনুযায়ী প্রাণ্ত পাঞ্জলিপি নির্বাচন করা হইবে। তবে, অন্য কোনো প্রকাশক
 বা ব্যক্তি উদ্যোগে পূর্বে প্রকাশিত পুস্তক পুনঃমুদ্রণ বা পুনঃসংস্করণের জন্য গ্রহণ করা হইবে না;
- (ছ) পাঞ্জলিপি দাখিলের বানান রীতি প্রমিত নিয়ম অনুসরণ করিতে হইবে;
- (জ) নীতিমালার অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (ঙ) ও (চ) মোতাবেক বিশেষজ্ঞের মতামত গ্রহণপূর্বক পাঞ্জলিপি মুদ্রণ ও
 প্রকাশনা প্রক্রিয়া শুরু করা হইবে;
- (ঝ) চূড়ান্তভাবে নির্বাচিত পাঞ্জলিপি পুস্তক আকারে মুদ্রণ ও প্রকাশের জন্য লেখককে, কমিশনের সাথে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে
 পুস্তক মুদ্রণ এবং প্রকাশের জন্য সমরোতা স্মারকে চুক্তিবদ্ধ হইতে হইবে; এবং
- (ঝঃ) সাধারণভাবে নির্বাচিত পাঞ্জলিপির প্রথম সংস্করণ ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) কপি প্রকাশ করা হইবে। তবে, চাহিদার
 পরিপ্রেক্ষিতে কত কপি পুস্তক প্রকাশ করা যাইবে উহার সংখ্যা ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক নির্ধারিত হইবে।

৯। রয়্যালটি/সম্মানী |—

- (ক) নির্বাচিত লেখককে প্রকাশিত পাঞ্জলিপির জন্য এককালীন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা সম্মানী প্রদান করা হইবে;
- (খ) পরবর্তী সংস্করণ/মুদ্রণের ক্ষেত্রে পুস্তকের বিক্রয় মূল্যের ওপর ১৫% হারে লেখককে রয়্যালটি প্রদান করা হইবে;
- (গ) একাধিক লেখকের ক্ষেত্রে রয়্যালটি/সম্মানী এবং বই সমহারে বণ্টন করিয়া দেওয়া হইবে। তবে, লেখক একজন হইলে
 ১৫ (পনের) কপি এবং একাধিক হইলে ২০ (বিশ) কপি বই সমহারে বণ্টন করিয়া দেওয়া হইবে;
- (ঘ) পাঞ্জলিপি মূল্যায়নের ক্ষেত্রে বিশেষজ্ঞের প্রথমবার বিশেষজ্ঞ মতামত প্রদানের জন্য ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা
 সম্মানী প্রদান করা হইবে। তবে, দ্বিতীয়বার বিশেষজ্ঞ মতামত প্রদানের জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা সম্মানী
 প্রদান করা হইবে;
- (ঙ) অনুবাদ গ্রন্থের ক্ষেত্রে অনুবাদককে প্রতি ১০০০ (এক হাজার) শব্দের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে সম্মানী প্রদান
 করা হইবে। অনুবাদককে পরবর্তী মুদ্রণের জন্য কোনো রয়্যালটি প্রদান করা হইবে না;
- (চ) প্রক্রিয়া রিডিং এর জন্য (অনধিক ৩ বার) প্রতি ফর্মা ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে পারিতোষিক প্রদান করা হইবে;
- (ছ) প্রাচুর্য অংকনের জন্য খ্যাতনামা/প্রথিতযশা প্রাচুর্য শিল্পীর সম্মানী বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা প্রদান করা
 হইবে;
- (ঝ) প্রাচুর্য শিল্পীকে ২টি এবং প্রক্রিয়া রিডারকে ১টি গ্রহ সৌজন্য সংখ্যা প্রদান করা হইবে;
- (ঝঃ) বই প্রকাশে নিয়োজিত কমিশনের অনধিক দুইজন কর্মকর্তা অর্ধাং সদস্য-সচিব ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা ও
 সংশ্লিষ্ট ডিলিং কর্মকর্তা ৩,০০০.০০ (তিনি হাজার) টাকা হারে সম্মানী প্রাপ্য হইবেন; এবং
- (ঝঃ) রয়্যালটি/সম্মানী প্রদানের ক্ষেত্রে বিশেষজ্ঞ মোতাবেক ভ্যাট/ট্যাক্স কর্তৃন করা হইবে।

১০। কপিরাইট।—

- (ক) লেখককে অবশ্যই জাতীয় ও আন্তর্জাতিক কপিরাইট আইন মান্য করিতে হইবে;
- (খ) কমিশন কর্তৃক প্রকাশিত বইয়ের এক বা একাধিক সংক্ষরণের জন্য কপিরাইট প্রকাশক হিসেবে কমিশন কর্তৃক সংরক্ষিত থাকিবে;
- (গ) ইউজিসি পুস্তক প্রকাশনা তহবিল হইতে প্রকাশিত পুস্তকের চাহিদার ভিত্তিতে কমিশন কর্তৃক পরবর্তী সংক্রণসমূহ প্রকাশ করা হইবে;
- (ঘ) অনুবাদ গ্রন্থ প্রকাশ করার ক্ষেত্রে উদ্যোগী ব্যক্তি হইলে ব্যক্তি এবং প্রতিষ্ঠান হইলে প্রতিষ্ঠান কর্তৃক লেখক ও প্রকাশকের (যিনি মূল কপিরাইটের অধিকারী তাহার নিকট হইতে) অনুমতি গ্রহণ করিতে হইবে;
- (ঙ) উদ্যোগা অনুবাদককে অনুবাদের অনুমতির জন্য কপিরাইট লাইসেন্স ফি প্রদান করিতে হইবে;
- (চ) প্রাতিষ্ঠানিকভাবে কমিশন কর্তৃক ফরমায়েসকৃত গ্রন্থের ক্ষেত্রে লেখক রয়্যালটি/সম্মানীর বিনিময়ে গ্রন্থস্থের অধিকার কমিশনের জন্য সংরক্ষিত থাকিবে; এবং
- (ছ) বই মুদ্রণের আগে অথবা পরে উক্ত বই সম্পর্কে যদি কোনো অভিযোগ আসে তবে, সত্যতা প্রমাণ সাপেক্ষে উক্ত বই বাতিলের অধিকার কমিশন সংরক্ষণ করিবে।

১১। প্রকাশিত বইয়ের মূল্য নির্ধারণ প্রক্রিয়া।— প্রোডাকশন ব্যয় ও মার্কআপ বিবেচনায় নিয়া প্রকাশিত বইয়ের মূল্য পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক নির্ধারণ করা হইবে।

১২। বিপণন ও বিক্রয়।—

- (ক) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রকাশিত বইগুলোর বিক্রয়ের ক্ষেত্রে ক্রয়কারীকে সাধারণভাবে প্রথম ০২ (দুই) বৎসর ২০% হারে বিক্রয় কমিশন দেওয়া হইবে। তবে, বই প্রকাশের পর ০৩ (তিনি) বৎসর অতিক্রান্ত হইলে ২৫% এবং ০৪ (চার) বৎসর অতিক্রান্ত হইলে ৩০% হারে বিক্রয় কমিশন দেওয়া যাইবে। তবে, প্রদর্শনী ও বইমেলা উপলক্ষ্যে এই হার কমিশন কর্তৃপক্ষ কর্তৃক পুনঃনির্ধারণ করা যাইবে;
- (খ) বই প্রকাশিত হইবার পর পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, বিভিন্ন গবেষণা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, মন্ত্রণালয় ও বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের বাইক্রিয়া প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের অন্যন্য ১০ (দশ) কপি করে বই বিক্রি করা যাইবে;
- (গ) কেবলমাত্র বিশ্ববিদ্যালয়, বিভিন্ন গবেষণা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, মন্ত্রণালয় ও বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের বাইক্রিয়া প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের চাহিদাপত্রের পরিপ্রেক্ষিতে বিলের মাধ্যমে বই বিক্রি করা যাইবে;
- (ঘ) কোনো লেখক/ব্যক্তি/প্রতিষ্ঠান ইউজিসি পুস্তক প্রকাশনা তহবিলে নগদ মূল্যে/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিয়া কমিশনের প্রকাশনা শাখা হইতে বই ক্রয় করিতে পারিবেন; এবং
- (ঙ) বই প্রকাশের ০৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হওয়ার পরও পুস্তক অবিক্রিত থাকিলে উক্ত বইয়ের বিষয়ে ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১৩। আদেশ জারির কার্যকরতা।— কমিশন সভার অনুমোদনের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর হইবে।



১৪। রাহিতকরণ ও হেফাজত।—

(ক) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশন ‘ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা (সংশোধিত-২০১৮)’ এতদ্বারা রাহিত করা হইল; এবং

(খ) উপ-অনুচ্ছেদ (ক) এর অধীন রাহিত হওয়া সত্ত্বেও, রাহিত নীতিমালার অধীন কৃত কাজকর্ম বা গৃহীত কোনো ব্যবস্থা উক্ত রাহিত নীতিমালার অধীনেই সম্পন্ন হইবে। কেবলমাত্র রাহিত নীতিমালার অধীন গৃহীত অদ্যাবধি অপ্রকাশিত পুস্তকের মূল্য নির্ধারণ অত্র নীতিমালার অধীনেই নির্ধারিত হইবে।

১৫। নীতিমালা সংশোধন ও অস্পষ্টতা দূরীকরণ।—

(ক) ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটির সুপারিশের ভিত্তিতে এই নীতিমালার যেই কোনো পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা সংশোধন করিবার ক্ষমতা কমিশনের উপর ন্যস্ত থাকিবে; এবং

(খ) এতদ্বারা এই নীতিমালার কোনো অনুচ্ছেদ/বাক্য/শব্দের ব্যাখ্যা বা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ কোনো পরিস্থিতির উভব হইলে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তেই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

30/12/2020

প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ
চেয়ারম্যান